আইসিটি-২ শাখা
পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা

তারিখঃ ২৩/০৫/২১	
ডায়রী নং- ৯০০৮	
এআইজি আইসিটি-২	
অতিঃ এসপি (আইসিটি-২)	
এএসপি (আইসিটি-২)	

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ পুলিশ
পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা
www.police.gov.bd

অতীব জরুরি

স্মারক নং: ৪৪.০১.০০০০.০৩৯.১১.০১১.২১- ৮৩৬

তারিখঃ ০৬ জ্যৈষ্ঠ ১৪২৮ বঙ্গাব্দ
২০ মে ২০২১ খ্রিঃ

বিষয়ঃ আগামী ২০২১ সালের Formed Police Unit (FPU)-এর রোটেশন এবং Standby BANFPU এর জন্য এসআই (নিরস্ত্র/সশস্ত্র)/ সার্জেন্ট/টিএসআই এবং ইন্সপেক্টর (নিরস্ত্র/শহর ও যানবাহন) পদমর্যাদার নারী ও পুরুষ কর্মকর্তার মনোনয়ন প্রেরণ প্রসঙ্গে

উপর্যুক্ত বিষয়ে জাতিসংঘ শান্তিরক্ষা মিশন Formed Police Unit (FPU)-এ ২০২১ সালের রোটেশনে প্রেরণের জন্য এবং ০১ টি Standby BANFPU এর জন্য বাংলাদেশ পুলিশের সকল জেলা/ইউনিটে কর্মরত এসআই (নিরস্ত্র/সশস্ত্র)/ সার্জেন্ট/টিএসআই এবং ইন্সপেক্টর (নিরস্ত্র/শহর ও যানবাহন) পদমর্যাদার কর্মকর্তাদের (নারী ও পুরুষ)-কে অবহিতকরতঃ আগ্রহী পুলিশ কর্মকর্তাদের আবেদন/মনোনয়ন নিম্নবর্ণিত 'শর্তাবলি' ও 'ছক' মোতাবেক আগামী ০৫/০৬/২০২১ পুনঃ ০৫/০৬/২০২১ তারিখের মধ্যে প্রেরণের জন্য আদিষ্ট হয়ে অনুরোধ করা হলো। নির্ধারিত সময়ের পর প্রাপ্ত আবেদন এবং মনোনয়ন বাতিল বলে গন্য হবে।

(ক) সাধারণ নির্দেশনাবলী (General Instructions)

১। সাব-ইন্সপেক্টর হতে তদূর্ধ্ব কর্মকর্তাগণ যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে সরাসরি পুলিশ হেডকোয়ার্টার্স এ আবেদন প্রেরণ করতে হবে;

২। ইউনিট সমূহ হতে প্রাথমিকভাবে নির্বাচিত ও প্রযোজ্য ক্ষেত্রে সরাসরি আবেদনকৃত পুলিশ সদস্যদের পুলিশ হেডকোয়ার্টার্স কর্তৃক নির্ধারিত পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে;

৩। পুলিশ হেডকোয়ার্টার্স কর্তৃক গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ এবং মেধাক্রমের ভিত্তিতে সিলেকশন বোর্ড কর্তৃক সুপারিশকৃত প্রার্থীদের জাতিসংঘ শান্তিরক্ষা মিশনে প্রাথমিক মনোনয়নের নিমিত্তে প্যানেলভুক্ত করা হবে;

৪। কোন পুলিশ সদস্যের বিরুদ্ধে বিভাগীয়/ফৌজদারী মামলা চলমান/তদন্তাধীন/ প্রক্রিয়াধীন থাকলে কিংবা চাকুরী জীবনে তিনি কখনো গুরুদণ্ড প্রাপ্ত হলে বা আদালত কর্তৃক কোন ফৌজদারী অপরাধের দায়ে সাজাপ্রাপ্ত হলে বা International Human Rights Law অথবা International Humanitarian Law ভঙ্গের অভিযোগ থাকলে বা ইতোপূর্বে জাতিসংঘ শান্তিরক্ষা মিশনে কোন বিরূপ মন্তব্য থাকলে বা মিশনে শৃঙ্খলা ভঙ্গের জন্য শাস্তি প্রাপ্ত হলে বা জাতিসংঘ সদর দপ্তর/পুলিশ হেডকোয়ার্টার্স কর্তৃক মিশনে গমন হতে বারিত করা হয়েছে সে সকল পুলিশ কর্মকর্তা/সদস্যদের মনোনীত করা যাবে না;

৫। ইউনিট প্রধান কর্তৃক মনোনীত সদস্যদের জন্য পৃথকভাবে বিভাগীয়/ফৌজদারী মামলা চলমান/তদন্তাধীন/ প্রক্রিয়াধীন নেই কিংবা চাকুরী জীবনে তিনি কখনো গুরুদণ্ড প্রাপ্ত হননি বা আদালত কর্তৃক কোন ফৌজদারী অপরাধের দায়ে সাজাপ্রাপ্ত হননি এবং International Human Rights Law অথবা International Humanitarian Law ভঙ্গ করার অপরাধের সাথে জড়িত ছিলেন না মর্মে প্রত্যয়নপত্র দাখিল করতে হবে;

৬। ইন্সপেক্টর পদমর্যাদার কর্মকর্তাগণ বর্তমান পদে কর্মরত থাকাকালীন লঘুদন্ড প্রাপ্ত হলে তৎপরবর্তী ২ বছরের মধ্যে মিশনে গমনের জন্য যোগ্য বলে বিবেচিত হবেন না এবং এরূপ কর্মকর্তাগণের মনোনয়ন ইউনিট হতে প্রেরণ করা যাবে না;

৭। সুঠাম দৈহিক গড়ন, সুস্থ, সাহসী, চৌকস এবং প্রতিকূল ও সংঘাতপূর্ণ পরিস্থিতিতে দায়িত্ব পালনে সক্ষম এমন সদস্যদের মনোনীত করতে হবে;

৮। কোন পুলিশ সদস্যকে একাধিকবার FPU মিশনে প্রেরণ করা যাবে না। তবে সাব-ইন্সপেক্টর হতে তদূর্ধ্ব নারী পুলিশ কর্মকর্তার ক্ষেত্রে এ শর্ত শিথিলযোগ্য;

৯। প্রাথমিকভাবে নির্বাচিত সদস্যদের রক্তচাপ, হার্ট, হারনিয়া, দৃষ্টিশক্তি, এইচআইভি, হেপাটাইটিস-বি, ডায়াবেটিস, ডোপ টেস্ট ও Sexually Transmitted Disease (Venereal Disease) ইত্যাদি পরীক্ষা সম্পন্ন করতে হবে। স্বাস্থ্য পরীক্ষায় অনুপযুক্ত (Unfit) কোন পুলিশ সদস্য মিশনে গমন করতে পারবে না;

১০। কেন্দ্রীয় পুলিশ হাসাতাল, রাজারবাগ, ঢাকা কর্তৃক স্বাস্থ্য পরীক্ষা সম্পন্ন করা হবে। কেন্দ্রীয় পুলিশ হাসপাতাল, রাজারবাগ, ঢাকার স্বাস্থ্য প্রতিবেদন চূড়ান্ত বলে গন্য হবে এবং কোন ক্ষেত্রেই পুনঃস্বাস্থ্য পরীক্ষার আবেদন বিবেচনা করা হবে না;

১১। প্রাথমিকভাবে নির্বাচিত প্রত্যেক পুলিশ সদস্যকে অবশ্যই সাফল্যের সাথে Pre-deployment প্রশিক্ষণ সম্পন্ন এবং জাতিসংঘ সদর দপ্তর হতে প্রেরিত Formed Poilice Unit Assessment Team (FPAT) কর্তৃক গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে। FPAT কর্তৃক গৃহীত পরীক্ষায় অকৃতকার্য হলে মনোনয়ন বাতিল হবে;

১২। সকল ইউনিট কর্তৃক জাতিসংঘ শান্তিরক্ষা মিশনঃ FPU সদস্য নির্বাচন নির্দেশিকা ২০২১ যথাযথভাবে প্রতিপালন করতে হবে। এ নির্দেশিকার বিদ্যমান নির্দেশনা, যোগ্যতা ও অভিজ্ঞতা ব্যতীত কোন সদস্যের মনোনয়ন পুলিশ হেডকোয়ার্টার্সে প্রেরণ করা যাবে না।

(খ) সাধারণ সদস্যের যোগ্যতা (পুরুষ) ঃ

ক্রমিক	পদবী	বয়স অনূর্ধ্ব (বছর)	ন্যূনতম চাকুরীকাল (বছর)	মন্তব্য
১।	এসআই(নিঃ/সঃ)/সার্জেন্ট/ টিএসআই	৫০	৭	▪ English/French/Mission Language এ দক্ষতা থাকতে হবে; ▪ চৌকস, সাহসী, সুঠাম দেহের অধিকারী সুস্থ এবং প্রতিকূল পরিবেশে কাজ করতে সক্ষম পরিশ্রমী নিষ্ঠাসম্পন্ন এবং অপারেশনাল কাজে দক্ষ ও পেশাদার সদস্যদের মনোনীত করতে হবে; ▪ Outstanding Performance এর জন্য আইজি'জ এক্সাম্পলারি গুড সার্ভিস ব্যাজ ও পদক প্রাপ্তদের অগ্রাধিকার দেয়া যেতে পারে।
২।	ইন্সপেক্টর (নিঃ/সঃ/শহর ও যানবাহন)	৫৩	১০	

(গ) সাধারণ সদস্যের যোগ্যতা (নারী) ঃ

ক্রমিক	পদবী	বয়স অনূর্ধ্ব (বছর)	ন্যূনতম চাকুরীকাল (বছর)	মন্তব্য
১।	এসআই(নিঃ/সঃ)/সার্জেন্ট/ টিএসআই	৫০	৫	▪ English/French/Mission Language এ দক্ষতা থাকতে হবে; ▪ চৌকস, সাহসী, সুঠাম দেহের অধিকারী সুস্থ এবং প্রতিকূল পরিবেশে কাজ করতে সক্ষম পরিশ্রমী নিষ্ঠাসম্পন্ন এবং অপারেশনাল কাজে দক্ষ ও পেশাদার সদস্যদের মনোনীত করতে হবে; ▪ Outstanding Performance এর জন্য আইজি'জ এক্সাম্পলারি গুড সার্ভিস ব্যাজ ও পদক প্রাপ্তদের অগ্রাধিকার দেয়া যেতে পারে।
২।	ইন্সপেক্টর (নিঃ/সঃ/শহর ও যানবাহন)	৫৩	৮	

(ঘ) মনোনয়ন প্রেরণের ছকঃ

"ছক"

ক্রমিক	বিপি নম্বর	পদবি	নাম	ইউনিট	জন্ম তারিখ	চাকুরিতে যোগদানের	শিক্ষাগত যোগ্যতা	বিশেষ অভিজ্ঞতা/ যোগ্যতা	ভাষা জ্ঞান	মিশন অভিজ্ঞতা	শাস্তি		ইতোপূর্বে মিশনে কোন বিরূপ মন্তব্য পেয়েছেন কিনা	জাতীয় বেতন স্কেল গ্রেড নং	সর্বশেষ মিশন	
					দিন.মাস.বছর	দিন.মাস.বছর					লঘু (সর্বশেষ প্রাপ্তার তারিখ সহ)	গুরু			মিশনের নাম	প্রত্যাবর্তনের তারিখ

(ঙ) মনোনীত কর্মকর্তাগণের নামের তালিকার সফ্ট কপি (MS Excel/SutonnyMJ ফন্ট-এ) সিডি/ই-মেইল মারফত পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা বরাবর আগামী ৫ জুন ২০২১ পুররায় ৫ জুন ২০২১ তারিখের মধ্যে প্রেরণের জন্য আদিষ্ট হয়ে অনুরোধ করা হলো।

সংযুক্তিঃ ০১ পাতা।

(নাসিয়ান ওয়াজেদ, পিপিএম)
বিপি-৭৮০৩০২৭৮১৬
এআইজি (ইউএন অ্যাফেয়ার্স অপারেশনস্), বাংলাদেশ পুলিশ
পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা।
ফোন- ০২২২৩৩৮১৭৩০
ই-মেইলঃ aigunphq@gmail.com

১। রেক্টর, পুলিশ স্টাফ কলেজ, মিরপুর-১৪, ঢাকা
২। অতিরিক্ত আইজি, রেলওয়ে পুলিশ, বাংলাদেশ পুলিশ, ঢাকা

৩। পুলিশ কমিশনার, ডিএমপি, ঢাকা
৪। অতিরিক্ত আইজি, এপিবিএন, বাংলাদেশ পুলিশ, ঢাকা
৫। মহাপরিচালক, র‍্যাব, র‍্যাব ফোর্সেস, হেডকোয়ার্টার্স, ঢাকা
৬। অতিরিক্ত আইজি, সিআইডি, বাংলাদেশ পুলিশ, ঢাকা
৭। অতিরিক্ত আইজি, পুলিশ টেলিকম সংস্থা, বাংলাদেশ পুলিশ, ঢাকা
৮। অতিরিক্ত আইজি, হাইওয়ে পুলিশ, বাংলাদেশ পুলিশ, ঢাকা
৯। অতিরিক্ত আইজি, এন্টি টেররিজম ইউনিট, বাংলাদেশ পুলিশ, ঢাকা
১০। প্রিন্সিপ্যাল, বাংলাদেশ পুলিশ একাডেমী, সারদা, রাজশাহী
১১। অতিরিক্ত আইজি, শিল্পাঞ্চল পুলিশ, বাংলাদেশ পুলিশ, ঢাকা
১২। অতিরিক্ত আইজি, এসবি, বাংলাদেশ পুলিশ, ঢাকা
১৩। পুলিশ কমিশনার, সিএমপি/কেএমপি/আরএমপি/এসএমপি/বিএমপি/গাজীপুর মেট্রোপলিটন পুলিশ/রংপুর মেট্রোপলিটন পুলিশ
১৪। পরিচালক, কেন্দ্রীয় পুলিশ হাসপাতাল, রাজারবাগ, ঢাকা
১৫। ডিআইজি, ঢাকা/চট্টগ্রাম/খুলনা/রাজশাহী/বরিশাল/ সিলেট/ রংপুর/ ময়মনসিংহ/হাইওয়ে রেঞ্জ/এসপিবিএন/ পিবিআই/ট্যুরিস্ট পুলিশ/নৌ পুলিশ, বাংলাদেশ পুলিশ
১৬। কমান্ড্যান্ট, ডিটিএস, সিআইডি, ঢাকা/এসবি ট্রেনিং স্কুল, ঢাকা/টিডিএস, মিলব্যারাক, ঢাকা
১৭। কমান্ড্যান্ট, পিটিসি টাংগাইল/নোয়াখালী/রংপুর/খুলনা/এপিবিএন এন্ড বিশেষায়িত ট্রেনিং সেন্টার, খাগড়াছড়ি
১৮। অ্যাডিশনাল ডিআইজি (অ্যাডমিনিস্ট্রেশন), বাংলাদেশ পুলিশ, পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা (সংশ্লিষ্ট সকলকে অবহিত করার জন্য অনুরোধ করা হলো)
১৯। অতিরিক্ত ডিআইজি,......................(সকল), বাংলাদেশ পুলিশ, পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা।
২০। এআইজি,......................(সকল), বাংলাদেশ পুলিশ, পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা
২১। পুলিশ সুপার (.......................................) (সকল) জেলা
২২। অধিনায়ক,.................................. এপিবিএন (সকল)......................
২৩। কমান্ড্যান্ট, আরআরএফ, ঢাকা/চট্টগ্রাম/খুলনা/রাজশাহী/সিলেট/বরিশাল/রংপুর
২৪। পরিচালক, ইন্ডাস্ট্রিয়াল পুলিশ (সকল)
২৫। পুলিশ সুপার, এসপিবিএন-১/এসপিবিএন-২, ঢাকা
২৬। কমান্ড্যান্ট, পিএসটিএস, বেতবুনিয়া, রাঙ্গামাটি
২৭। কমান্ড্যান্ট, ইনসার্ভিস ট্রেনিং সেন্টার(সকল)...................

স্মারক নং- ৪৪.০১.০০০০.০৩৯.১১.০১১.২১- ৮৩৬

তারিখঃ- ০৬ জ্যৈষ্ঠ ১৪২৮ বঙ্গাব্দ
২০ মে ২০২১ খ্রিস্টাব্দ

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ

১। এআইজি (মিডিয়া এন্ড পাবলিক রিলেশন্স), বাংলাদেশ পুলিশ, পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা (বার্তাটি বাংলাদেশ পুলিশ এর অফিসিয়াল ফেইসবুক পেইজে প্রচার করার জন্য আদিষ্ট হয়ে অনুরোধ করা হলো)।
২। এআইজি (আইসিটি-২), বাংলাদেশ পুলিশ, পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা (বার্তাটি সংযুক্ত কাগজপত্রসহ পুলিশওয়েবসাইট-এ প্রচার করার জন্য অনুরোধ করা হলো)।
৩। ভারপ্রাপ্ত কর্মকর্তা (অপারেশনস্ কন্ট্রোল রুম), পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা (তাকে পত্রটি সংশ্লিষ্ট ইউনিট/কর্মকর্তার নিকট প্রেরণ নিশ্চিতকরতঃ ডায়েরীভুক্ত করার জন্য অনুরোধ করা হলো)।

২০/৫/২০২১

সংযুক্তিঃ ০১ পাতা।

(নাসিয়ান ওয়াজেদ, পিপিএম)
বিপি-৭৮০৩০২৭৮১৬
এআইজি (ইউএন অ্যাফেয়ার্স অপারেশনস্), বাংলাদেশ পুলিশ
পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা।
ফোন- ৯৫৬১৭৩০

সংযুক্তি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ইউনিটের নামঃ..........
ইউনিটের ঠিকানাঃ ....
ওয়েব সাইটঃ................

প্রত্যয়ন পত্র
(সাধারণ কোটা)

এই মর্মে প্রত্যয়ন করা যাচ্ছে যে, নামঃ.........................., বিপিঃ......................,পদবীঃ, ..., কোটাঃ সাধারণ, ইউনিটঃ.................... এর বিরুদ্ধে কোন বিভাগীয়/ফৌজদারী সংক্রান্ত মামলা চলমান/তদন্তাধীন/ প্রক্রিয়াধীন নেই কিংবা চাকুরী জীবনে তিনি কখনো গুরুদণ্ড প্রাপ্ত হননি বা আদালত কর্তৃক কোন ফৌজদারী অপরাধে সাজাপ্রাপ্ত হননি।

এছাড়া, তিনি কখনো International Human Rights Law/International Humanitarian Law ভঙ্গ করেননি বা ভঙ্গের অভিযোগে সাজাপ্রাপ্ত হননি। ইতোপূর্বে FPU মিশনে গমন করেননি (নারী এসআই ও নারী ইন্সপেক্টর ব্যতীত) এবং পূর্ববর্তী মিশনে কর্মরত থাকাকালে বিরূপ মন্তব্য পাননি (প্রযোজ্য ক্ষেত্রে)। তিনি এসআই (নারী)/ইন্সপেক্টর (নারী)-FPU সদস্য হিসেবে..................সালে.................মিশনে কর্মরত ছিলেন।

মনোনীত সদস্যকে জাতিসংঘ শান্তিরক্ষা মিশনঃ FPU সদস্য নির্বাচন নির্দেশিকা ২০২১ এর সকল শর্তাবলি ও সংশ্লিষ্ট সকল বিধিবিধান যথাযথভাবে প্রতিপালনপূর্বক শারীরিক ও ভাষাগত দক্ষতা যাচাইকরতঃ মনোনীত করা হয়েছে (ইংরেজী ও ফ্রেঞ্চ ভাষায় দক্ষতা-এসআই/সার্জেন্ট ও ইন্সপেক্টরদের ক্ষেত্রে প্রযোজ্য)। তিনি উচ্চ রক্তচাপ, হৃদরোগ, হারনিয়া, নাক-কান-গলার রোগ, এইচআইভি (HIV), হেপাটাইটিস-বি, ডায়াবেটিস, মাদকাসক্ত, Sexually Transmitted Disease (Venereal Disease) সহ সকল প্রকার সংক্রামক রোগ মুক্ত এবং তিনি কোন প্রকার মাদক বা নেশা জাতীয় ওষুধ/দ্রব্যে আসক্ত নন।

আমি তার সর্বাঙ্গীন সাফল্য কামনা করি।

(ইউনিট প্রধান/প্রত্যয়নকারী কর্মকর্তা)
স্বাক্ষরঃ.......................................
নামঃ...
বিপিঃ...
পদবীঃ...
ঠিকানাঃ ....
ফোনঃ...
ই-মেইলঃ ....

২৭/৫/২০২০

C:\Users\User\Desktop\FPU 2019 Exam\FPU Circular 2020\nomination letter.docx